ক্যান্টনমেন্ট বোর্ড অফিস
ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ০৯-৬-৯২ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্য বিবরণী ঃ

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রেসিডেন্ট কর্ণেল মনিরুজ্জামান খান, পিএসসি'র সভাপতিত্বে ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে ০৯-৬-৯২ ইং বেলা ১০-০০ ঘটিকায় অনুষ্ঠিত সভায় সদস্যবর্গের উপস্থিতি ছিল নিম্নরূপ ঃ-

| | | | |
|---|---|---|---|
| ১। | লেঃকর্ণেল মুহঃ আসাদুল ইসলাম<br>সি, এম, ই, এস, (আর্মি),<br>ঢাকা সেনানিবাস। | সদস্য | অনুপস্থিত। |
| ২। | অধিনায়ক,<br>বি, এন, এস, হাজী মহসিন এর প্রতিনিধি,<br>ঢাকা সেনানিবাস। | সদস্য | উপস্থিত। |
| ৩। | অধিনায়ক,<br>প্রশাসনিক শাখা, বি এ এফ বেস বাশারের প্রতিনিধি<br>ঢাকা সেনানিবাস। | সদস্য | উপস্থিত। |
| ৪। | মেজর মোঃ শামছুল হক,<br>অধিনায়ক, এস এইচ ও,<br>এস ই এম ও'র প্রতিনিধি, ঢাকা সেনানিবাস। | সদস্য | উপস্থিত। |
| ৫। | জনাব রিজওয়ান খায়ের,<br>প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট,<br>জেলা প্রশাসকের দপ্তর, ঢাকা। | সদস্য | উপস্থিত। |
| ৬। | লেঃকর্ণেল(অবঃ)এস এ ডব্লিউ এম নাজিম হোসেন<br>ডিওএইচএস, বনানীর প্রতিনিধি। | সদস্য | অনুপস্থিত। |
| ৭। | ফ্লাঃলেঃ(অবঃ) এ বি এম এ রশিদ<br>ডিওএইচএস, বনানীর প্রতিনিধি। | সদস্য | উপস্থিত। |
| ৮। | কর্ণেল(অবঃ)বজলুল গনি পাটওয়ারী, বিপি, পিএসসি,<br>ডিওএইচএস, মহাখালীর প্রতিনিধি। | সদস্য | অনুপস্থিত। |
| ৯। | কমান্ডার(অবঃ)টি আই এম নুরুন নবী<br>ডিওএইচএস, মহাখালীর প্রতিনিধি। | সদস্য | উপস্থিত। |
| ১০। | জনাব মোঃআবদুল করিম,<br>ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার,<br>ঢাকা ক্যান্টনমেন্ট। | সেক্রেটারী | উপস্থিত। |

উপস্থিত সম্মানিত সদস্যবর্গকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর আলোকে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় ঃ-

১। বিগত ১৯-৫-৯২ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্য বিবরণী অনুমোদন ঃ

প্রস্তাব (ক) ঃ বিগত ১৯-৫-৯২ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্য বিবরণী অনুমোদনের জন্য উহা সভায় পাঠ করিয়া শুনানো হয়।

গৃহীত সিদ্ধান্তঃ-উক্ত সভার কার্য বিবরণী অনুমোদন করা গেল।

প্রস্তাব (খ) ঃ মে' ১৯৯২ ইং এর আয় ব্যয়ের হিসাব অবহিত হওয়া।

১৯৯২ ইং সালের মে মাসের আয় ব্যয়ের হিসাব সভায় পেশ করা হয়।

গৃহীত সিদ্ধান্ত ঃ-উক্ত হিসাব অবহিত হওয়া গেল। বাড়ী ভাড়া, দোকান ভাড়া, গৃহ কর ইত্যাদি আদায়ের হার সন্তোষজনক পর্যায়ে বৃদ্ধি করার লক্ষ্যে সর্বাত্মক প্রচেষ্টা চালানোর জন্য রেভিনিউ শাখাকে নির্দেশ দেওয়া গেল।

২য় পৃঃদ্রঃ

প্রস্তাব (গ) ঃ এস ই এম ও'র এপ্রিল, ১৯৯২ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া ঃ

বিষয়োক্ত স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়ার জন্য উহা সভায় পেশ করা হয়।

গৃহীত সিদ্ধান্ত ঃ-প্রতিবেদনটি বিস্তারিত পর্যালোচনান্তে (১) ও,সি, সি,এম,এইচ,ও'র প্রদর্শিত স্থানে কতিপয় ডাষ্টবিন স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

(২) বাজারের হোটেলের পরিচ্ছন্নতা নিশ্চিত কল্পে জরিমানা আদায়সহ অন্যান্য আইনানুগ পদক্ষেপ গ্রহনের জন্য সি,ই,ও,কে অনুরোধ জানানো হলো।

(৩) কচুক্ষেত সুপার মার্কেট এলাকায় একটি বিজ্ঞান সম্মত কসাইখানা স্থাপনের স্থান নির্ধারণ সহ আগামী এক মাসের মধ্যে এ ব্যাপারে স্বয়ং সম্পূর্ণ একটি রিপোর্ট প্রদানের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা গেল ঃ-

অধিনায়ক, বি,এস,ডি, ঢাকা সেনানিবাস- সভাপতি।

অধিনায়ক, এস এইচ ও, ঢাকা সেনানিবাস - সদস্য।

ক্যাঃলেঃ(অবঃ) এ বি এম এ রশিদ, ডিওএইচএস, বনানী - সদস্য।

কন্জারভেন্সী অফিসার-১ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। - সদস্য।

২। ১৯৯১-৯২ ইং সালের সংশোধিত বাজেট বিবেচনা ও অনুমোদন করণ ঃ

প্রস্তাব ঃ- ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৯৯১-৯২ ইং সালের সংশোধিত বাজেট বিবেচনা ও অনুমোদনের জন্য যাবতীয় কাগজপত্রাদিসহ সংশোধিত বাজেটটি পেশ করা হয়।

গৃহীত সিদ্ধান্ত ঃ-চলতি ১৯৯১-৯২ ইং সালের সংশোধিত বাজেট পর্যালোচনান্তে অনুমোদন করা গেল। উক্ত বাজেট চূড়ান্ত অনুমোদনের নিমিত্ত 'সাভূসে' অধিদপ্তরে প্রেরনের জন্য সি,ই,ও, ঢাকাকে অনুরোধ করা গেল।

৩। ১৯৮৯-৯০ ইং সালের অডিট আপত্তির ব্রডশীট জবাব অবহিত হওয়া ও বিবেচনা করণ।

প্রস্তাব ঃ- ১৯৮৯-৯০ ইং আর্থিক সালের অডিট আপত্তির উপর প্রস্তুতকৃত ব্রডশীট জবাব( বি এস আর ) অবহিত হওয়া তথা বিবেচনা করার জন্য সভায় পেশ করা হয়।

গৃহীত সিদ্ধান্ত ঃ-বিস্তারিত আলোচনান্তে উক্ত বি,এস,আর, অবহিত হইয়া অনুমোদন করা গেল। পরবর্তী কার্যক্রমের নিমিত্ত উহা উর্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরনের জন্য সি,ই,ও,কে অনুরোধ করা গেল।

৪। স্কুলের সহকারী শিক্ষক নিয়োগের নিমিত্ত সংশ্লিষ্ট বিষয়ে সম্মানসহ মাষ্টার ডিগ্রী থাকিলে প্রার্থীর বি,এড, শিথিল করনের বিষয় বিবেচনা করা।

প্রস্তাব ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত বিভিন্ন হাই স্কুল ও জুনিয়র হাই স্কুলে সহকারী শিক্ষক নিয়োগের ক্ষেত্রে প্রার্থীদেরকে অবশ্যই বি,এড, বা সমমানের প্রশিক্ষন ডিগ্রীধারী হতে হয়। সংশ্লিষ্ট বিষয়ে সম্মান সহ মাষ্টার ডিগ্রী থাকলে বি এড শিথিল করা যায় কি না এই মর্মে বিবেচনা করার জন্য-এ সংক্রান্ত 'সাভূসে' অধিদপ্তরের প্রচলিত নীতিমালা ও অন্যান্য আনুসাংগিক কাগজ পত্রাদি সভায় পেশ করা হয়।

গৃহীত সিদ্ধান্ত ঃ-বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট বিষয়ে অন্ততঃ ২য় শ্রেনীর সম্মান সহ ২য় শ্রেনীর মাষ্টার ডিগ্রী থাকলে প্রার্থীর বি-এড শিথিল করার বিষয়টি নীতিগত ভাবে অনুমোদন করা গেল। এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত প্রদানের জন্য 'সাভূসে' অধিদপ্তরে প্রস্তাব প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হলো।

৫। কচুক্ষেত সুপার মার্কেটে গার্মেন্টস ফ্যাক্টরী স্থাপনের প্রস্তাব ঃ

প্রস্তাব ঃ- কচুক্ষেত সুপার মার্কেট এলাকায় মেসার্স রহমান এন্ড রহমান এ্যাপারেল কর্তৃক একটি গার্মেন্টস ফ্যাক্টরী স্থাপনের অনুরোধ সম্বলিত তাঁদের ২২-৫-৯২ ইং তারিখের আবেদনপত্রটি সভায় পেশ করা হয়।

৩য়পৃঃদ্রঃ

**গৃহীত সিদ্ধান্ত ঃ-** ক্যান্টনমেন্ট বোর্ডের ৩০-১-৯২ ইং তারিখের সভার বিবিধ ২৩(খ) সিদ্ধান্তের আলোকে বিশেষ কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে পারস্পরিক চুক্তির মাধ্যমে জায়গা বরাদ্দ করে গার্মেন্টস ফ্যাক্টরী স্থাপনের অনুমতি না দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হলো। ভবিষ্যতে এই ধরনের ফ্যাক্টরী স্থাপনের অনুমতি দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হলে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে সর্বোচ্চ ডাককারীকে নির্ধারিত শর্তে বিধি মোতাবেক অনুমতি দেয়া হবে।

**প্রস্তাব নং-৬ ঃ** ক্যান্টনমেন্ট বোর্ড জুনিয়র হাই স্কুল, মিরপুর ক্যান্টনমেন্ট এর স্বীকৃতি প্রাপ্তির ব্যাপারে প্রধান শিক্ষকের ০৩-৫-৯২ ইং তারিখের আবেদন অনুযায়ী স্কুলের জমি বরাদ্দের বিষয় বিবেচনা করণ।

**গৃহীত সিদ্ধান্ত ঃ-** ক্যান্টনমেন্ট বোর্ড জুনিয়র হাই স্কুল প্রতিরক্ষা জমির উপর অবস্থিত। উক্ত জমি স্কুলের জন্য ব্যবহার করতে কোন আপত্তি নাই এই মর্মে একটি সার্টিফিকেট প্রদান করে স্কুলের স্বীকৃতি প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সি,ই,ও, ঢাকাকে অনুরোধ করা গেল।

**প্রস্তাব নং-৭ ঃ** মিসেস গুলনাহার মোস্তফাকে ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন যে কোন স্কুলে নিয়োগের বিষয় বিবেচনা করণ।

**গৃহীত সিদ্ধান্ত ঃ-** ক্যান্টনমেন্ট বোর্ডের পরিচালনাধীন যে কোন স্কুলে প্রাথমিক শিক্ষকের কোন পদ শূন্য হলে মিসেস গুলনাহার'কে নিয়মিত ভাবে নিয়োগ করার সিদ্ধান্ত গৃহীত হলো। মানবিক কারণে তাঁহার জন্য পি টি আই ট্রেনিং শিথিল করে তাহাকে নিয়োগের বিষয়ে 'সাভূসে' অধিদপ্তরে পত্র লিখার জন্য সি,ই,ও, ঢাকাকে অনুরোধ করা গেল। তবে নিয়োগ প্রাপ্ত হলে তাঁহাকে অবশ্যই পি টি আই তথা সি-ইন-এড প্রশিক্ষন গ্রহন করতে হবে।

**প্রস্তাব নং-৮ ঃ** বাংলাদেশ বিমান ঘাঁটি বাশারের পত্র নং-বাশার/২৮০৩/১০/পূর্ত, তারিখ ০৫-৫-৯২ ইং তারিখের এর মধ্যে বর্ণিত এজেন্ডা সমূহ বিবেচনা করণ।

**গৃহীত সিদ্ধান্ত ঃ-** অধিনায়ক, প্রশাসনিক শাখা, বি এ এফ বেস বাশার সহ সি,ই,ও, ঢাকা উক্ত এলাকা পরিদর্শন করে এ ব্যাপারে পরবর্তী কার্যক্রম গ্রহন করবেন।

**প্রস্তাব নং-৯ ঃ** কবর পাকা করনের নিমিত্ত নিম্নলিখিত আবেদনকারীদের আবেদন বিবেচনা করণ ঃ-

(ক) লেঃ কর্ণেল (অবঃ) মোহাম্মদ হোসাইন, এ এম সি

(খ) জনাব এম, এ, বাশার।

(গ) সুবেদার(অবঃ) মোঃ ইউনুছ আলী।

(ঘ) জনাব ফারুক আহমেদ।

**গৃহীত সিদ্ধান্ত ঃ-** গত ১১-৯-৯১ ইং তারিখের ৮নম্বর সিদ্ধান্তের শর্ত সাপেক্ষে প্রতি কবরের জন্য ১০,০০০.০০ (দশ হাজার) টাকা জমা করে উপরোক্ত আবেদন অনুযায়ী চারটি কবর পাকা করনের অনুমোদন দেয়া গেল।

**প্রস্তাব নং-১০ ঃ** ঠিকাদারের রেইট বৃদ্ধির আবেদন বিবেচনা করণ ঃ

মহাখালী ডিওএইচএস এলাকার ২২ ও ২৩ নং লেইনের (কাটা পাথর দ্বারা) কাজ করনের জন্য ঠিকাদার কর্তৃক রেইট বৃদ্ধির ব্যাপারে ঠিকাদার মেসার্স বিজনেস এন্ড কনট্রাক্ট এর আবেদন বিবেচনা করণ।

**গৃহীত সিদ্ধান্ত ঃ-** সিংগেলস্ এর পরিবর্তে কাটা পাথরের সাহায্যে উক্ত কাজ সম্পাদন করায় সিডিউল অনুযায়ী দরের পার্থক্য ঘটে। ফলে ঠিকাদারের মোট ৪৯,০০০.০০ (উনপঞ্চাশ হাজার) টাকা অতিরিক্ত ব্যয় দাড়ায়। এমতাবস্থায় সংশ্লিষ্ট ঠিকাদারের রেইট বৃদ্ধির আবেদন বিবেচনা করার জন্য 'সাভূসে' অধিদপ্তরে প্রস্তাব প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হলো।

৪র্থ পৃঃদ্রঃ

প্রস্তাব নং-১১ : মহাখালী ডি ও এইচ এস এলাকায় শিশু পার্কের ভিতর ফুটপাত নির্মাণ করনের জন্য মেসার্স আমিন ব্রাদার্স কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দরপত্র এম ই এস সিডিউল, ১৯৯০ ইং অনুযায়ী ৭% উর্ধ অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্ত :- মেসার্স আমিন ব্রাদার্স কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দরপত্র এম ই এস সিডিউল, ১৯৯০ ইং অনুযায়ী ৭% উর্ধ অত্যধিক বিবেচিত হওয়ায় উহা অনুমোদন করা গেল না। উক্ত কাজটির জন্য পুনরায় টেন্ডার আহবান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১২ : মহাখালী আবাস গার্ডেন এলাকায় রাস্তা কার্পেটিং (কাটা পাথরের দ্বারা) করনের নিমিত্ত মেসার্স ম্যাসকাট বিল্ডার্স কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দর এম ই এস সিডিউল, ১৯৯০ ইং অনুযায়ী ২০% উর্ধ অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্ত :- মেসার্স ম্যাসকাট বিল্ডার্স কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দর এম ই এস সিডিউল, ১৯৯০ ইং অনুযায়ী ২০% উর্ধ অত্যধিক বিবেচিত হওয়ায় উহা অনুমোদন করা গেল না। উক্ত কাজটির জন্য পুনরায় টেন্ডার আহবান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৩ : শহীদ মঈনুল রোড ও তৎসংলগ্ন এলাকায় পানি ও পয়ঃ নিস্কাশনের জন্য পাকা ড্রেন নির্মানের নিমিত্ত মেসার্স ডলি এন্টারপ্রাইজ কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দর এম ই এস সিডিউল, ১৯৯০ ইং অনুযায়ী ১২% উর্ধ অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্ত :- উক্ত কাজটির জন্য মেসার্স ডলি এন্টারপ্রাইজ কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দর এম ই এস সিডিউল, ১৯৯০ ইং অনুযায়ী ১২% উর্ধ এর পরিবর্তে ঠিকাদারের সম্মতি সাপেক্ষে এম ই এস সিডিউল, ১৯৯০ ইং অনুযায়ী সিডিউল সমহারে (এটপারে) করার জন্য অনুমোদন করা গেল।

প্রস্তাব নং-১৪ : ক্যান্টনমেন্ট বাজার এলাকায় রোড নং-৯ এর উত্তর পার্শ্বে পাকা ড্রেন নির্মানের নিমিত্ত মেসার্স রহমান এন্টারপ্রাইজ কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দর এম ই এস সিডিউল, ১৯৯০ ইং অনুযায়ী ৪% উর্ধ দর অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্ত :- উক্ত কাজটির জন্য মেসার্স রহমান এন্টারপ্রাইজ কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দর এম ই এস সিডিউল, ১৯৯০ ইং অনুযায়ী ৪% উর্ধের পরিবর্তে সংশ্লিষ্ট ঠিকাদারের সম্মতি গ্রহন সাপেক্ষে সিডিউল সমহারে (এটপার) অনুমোদন করা গেল।

প্রস্তাব নং-১৫ : বনানী ডি ও এইচ এস এলাকার ইষ্টার্ণ রোডের পূর্ব পার্শ্বে বাউন্ডারী ওয়াল নির্মানের মূল্যানুমান অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্ত :- বনানী ডিওএইচএস এলাকার ইষ্টার্ণ রোডের পূর্ব পার্শ্বে বাউন্ডারী ওয়াল নির্মানের জন্য মোট ১০,৩৯,০২৫.০০ (দশ লক্ষ উনচল্লিশ হাজার পঁচিশ) টাকার মূল্যানুমান ও নকসা অনুমোদন করা গেল। ঐগুলি চূড়ান্ত অনুমোদন এবং অর্থ বরাদ্দের জন্য সাভূসে অধিদপ্তরে প্রেরনের জন্য সি, ই, ও, ঢাকাকে অনুরোধ করা গেল।

প্রস্তাব নং-১৬ : ঢাকা সেনানিবাসস্থ শহীদ মঈনুল রোড এবং তৎসংলগ্ন এলাকার পানি ও পয়ঃ নিস্কাশনের জন্য আর সি সি পাইপ ড্রেনের পরিবর্তে ইটের গাঁথুনী দ্বারা পাকা ড্রেন নির্মাণ করনের বিষয় অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্ত :- শহীদ মঈনুল রোড এবং তৎসংলগ্ন এলাকার পানি ও পয়ঃ নিস্কাশনের জন্য আর সি সি পাইপ ড্রেন নির্মানের পরিবর্তে ইটের গাঁথুনী দ্বারা পাকা ড্রেন নির্মানের অনুমতি প্রদান করা গেল।

প্রস্তাব নং-১৭ : ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থ ক্যান্টঃবোর্ড কোয়ার্টার নং-২৫/২ এর উপর তলায় একটি কক্ষ সম্প্রসারনের জন্য ৫০,৪০৩.০০ (পঞ্চাশ হাজার চারশত তিন) টাকার মূল্যানুমান অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্ত :- ক্যান্টনমেন্ট বোর্ড কোয়ার্টার নং-২৫/২ এর উপর তলায় একটি ~~xx~~ কক্ষের পরিবর্তে দুই পার্শ্বে দুইটি কক্ষ সম্প্রসারনের জন্য প্রতিটি ৫০,৪০৩.০০ টাকা হিসাবে মোট ১,০০,৮০৬.০০ (এক লক্ষ আটশত ছয়) টাকার মূল্যানুমান অনুমোদন করা গেল। উক্ত মূল্যানুমান চূড়ান্ত অনুমোদন ও অর্থ বরাদ্দের জন্য সাভূসে অধিদপ্তরে প্রেরনের নিমিত্ত সি, ই, ও, ঢাকাকে অনুরোধ করা গেল।

৫ম পৃঃদ্রঃ

প্রস্তাব নং-১৮ ঃ মানিকদী আদর্শ বিদ্যা নিকেতনের [illegible] চৌহদ্দি দেওয়াল নির্মানের মূল্যানুমান অনুমোদন করণ ।

গৃহীত সিদ্ধান্ত ঃ- মানিকদী আদর্শ বিদ্যা নিকেতন এর মোট ১,৯২৩ ফুট চৌহদ্দি দেওয়াল নির্মানের জন্য
মোট ৫,৮৫,০৩২.০০টাকা পাঁচ লক্ষ পঁচাশি হাজার বত্রিশ ) টাকার মূল্যানুমান অনুমোদন করা
গেল । উহা চূড়ান্ত অনুমোদন এবং অর্থ বরাদ্দের নিমিত্ত 'সাভূসে' অধিদপ্তরে প্রেরনের জন্য
সি,ই,ও,ঢাকা'কে অনুরোধ করা গেল ।

প্রস্তাব নং-১৯ ঃ ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাবস্থিত বাড়ীনং-৭ এর উপর তলায় একটি কক্ষ নির্মাণ প্রকল্পের
সংশোধিত মূল্যানুমান অবহিত হওয়া ও অনুমোদন করণ । নিম্নে বিবরণ প্রদত্ত হইল ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান | সংশোধিত মূল্যানুমান | সংশোধিত হওয়ার কারণ |
|---|---|---|---|---|
| ১। | ক্যান্টঃআবাসিক এলাকাস্থিত বাড়ী নং-৭ এর উপর তলায় একটি কক্ষ নির্মাণ করণ । | =৫৯,৩৮৯/- | ৮৮,৬৩৯/= | (ক) অনুমোদিত মূল্যানুমানে জল ছাদ ছিল না । (খ) ভুল বশতঃ মূল্যানুমানে এমএস রডের আইটেম বাদ পড়িয়াছিল । (গ) নীচ তলায় নামাজের জন্য একটি কক্ষ করা হইয়াছে । |

গৃহীত সিদ্ধান্ত ঃ- বাড়ী নং-৭ এর উপর তথায় একটি কক্ষ নির্মাণ প্রকল্পের সংশোধিত মূল্যানুমান অনুমোদন করা গেল।
উক্ত মূল্যানুমান চূড়ান্ত অনুমোদন লাভের জন্য 'সাভূসে' অধিদপ্তরে প্রেরনের জন্য সি,ই,ও,ঢাকা'কে
অনুরোধ করা গেল ।

প্রস্তাব নং-২০ ঃ অত্র দপ্তরের অফিস সুপারিনটেনডেন্ট জনাব মোঃআবু জাফর ইমামকে ০১-৭-৭৪ ইং হইতে
ষ্টোর কিপার পদে, ট্যাক্স সুপার জনাব মোঃকামাল উদ্দিনকে ০১-৬-৬৭ ইংতারিখ হইতে অষ্ট্রয়
ক্লার্ক পদে ৬(ছয়) মাসের জন্য এবং উচ্চমান সহকারী জনাব মোঃআব্দুর রাজ্জাককে ট্যাক্স কালেক্টর
পদে ০১-৮-৭৭ ইং তারিখ হইতে ৬(ছয়)মাসের জন্য নিয়োগ করার পর চাকুরী নিয়মিত না
করার কারণে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের পত্র নং-৭/এমএলএন্ডসি/ঢাকা/৩২৩/৩,
তারিখ ২৮-৫-৯২ ইং এর চাহিদা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মচারীদের চাকুরী নিয়মিত করণ ।

গৃহীত সিদ্ধান্ত ঃ- অফিস সুপার জনাব মোঃআবু জাফর ইমামকে ০১-৭-৭৪ ইং তারিখ হইতে ষ্টোর কিপার পদে, ট্যাক্স
সুপার জনাব মোঃকামাল উদ্দিন'কে ০১-৬-৬৭ ইং তারিখ হইতে অষ্ট্রয় ক্লার্ক পদে ৬(ছয়) মাসের
জন্য এবং উচ্চমান সহকারী জনাব মোঃআব্দুর রাজ্জাককে ট্যাক্স কালেক্টরের পদে ০১-৮-৭৭ ইং
তারিখ হইতে ৬(ছয়) মাসের জন্য নিয়োগ করার পর চাকুরী নিয়মিত না করায় উক্ত ৩ জন
কর্মচারীর উল্লেখিত তারিখ হইতে চাকুরী নিয়মিত করার সিদ্ধান্ত গৃহীত হলো ।

প্রস্তাব নং-২১ ঃ ঢাকা সেনানিবাসের ব্রডওয়ে বিল্ডিং সংলগ্ন উত্তর এবং পশ্চিম পার্শ্বস্থ ইজারাকৃত ১.১০০১ একর
জমি পুনঃ গ্রহন প্রসংগে ।

'সাভূসে' অধিদপ্তরের ১২-১-৯১ ইংতারিখের ৬/এমএলএন্ডসি/এমইও/২৬৮-৩/শা-৩/৪৭ নং [illegible]
পত্রের ভিত্তিতে ধার্যকৃত প্রস্তাবিত ইজারার প্রদত্ত ৭৫,৭৬,৭৭,৭৮,৮২,ও ৮৩ নং পূর্বের ক্ষতিপূরন
প্রদান এবং উহার মধ্যে ৭৫ নং ইজারাদারের নিকট হইতে প্রাপ্ত সর্বশেষ ২৫-৩-৯২ ইং তারিখের
জবাবের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা ।

গৃহীত সিদ্ধান্ত ঃ- উক্ত বিষয়ে পরবর্তী বোর্ড মিটিংয়ে উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো ।

৬ষ্ঠ পৃঃদ্রঃ

প্রস্তাব নং-২২ঃ ক্যাণ্টনমেন্ট বাজার (আবাসিক) এলাকাস্থ ৮৪(সাবেক বানিজ্যিক-২৭) নং প্লট ও প্লটে নির্মিত দালান গ্রহন প্রসংগে।

সূত্র ঃ- ২৩-৩-৯২ ইং তারিখের বোর্ড সভার ২৯ নং গৃহীত সিদ্ধান্ত।

ক্যাণ্টনমেন্ট আবাসিক এলাকার ৮৪ নং প্লট ও প্লটে নির্মিত ভবন ক্যাণ্টনমেন্ট বোর্ড কর্তৃক গ্রহনের জন্য সূত্রোল্লিখিত সিদ্ধান্ত মোতাবেক অত্র দপ্তর কর্তৃক সকল প্রকার কার্যকরী ব্যবস্থা গ্রহন করা হয়েছে। ভবনের মূল্য নির্ধারনের ব্যাপারে কমিটি গঠনের নিমিত্ত পরিচালক, 'সাভুসে' অধিদপ্তরের নিকট পত্রের মাধ্যমে অনুরোধ করা হয়েছে। আইন উপদেষ্টার মতামত নেওয়া হয়েছে। কাজেই ভাড়া আদায়ের ব্যাপারে বর্গফুট অনুযায়ী হার নির্ধারণসহ পরবর্তী সিদ্ধান্ত গ্রহন করার জন্য কাগজপত্রাদী পেশ করা গেল। এ ব্যাপারে গত ১৯-৫-৯২ ইং তারিখের বিবিধ (গ) সিদ্ধান্ত উল্লেখ্য।

গৃহীত সিদ্ধান্তঃ- আপাততঃ পূর্বের রেইটে ভাড়া আদায় করা হোক। কোন দোকানদার ভাড়া দিতে অস্বীকার করলে দোকানে তালা লাগানোর সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-২৩ঃ মিরপুর-১৪নং সেকশনের যাত্রী ছাউনী বরাদ্দ করণ প্রসংগে।

বর্ণিত যাত্রী ছাউনীতে স্ন্যাকবারের ব্যবসার নিমিত্ত ইজারা প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে ক্যাণ্টনমেন্ট আবাসিক এলাকার অধিবাসী জনাব সিকদার মোঃ আবুল বাশার এর ২০-৫-৯২ ইং তারিখের আবেদন উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ- মিরপুর-১৪ নং সেকশনের যাত্রী ছাউনী বরাদ্দের বিষয়ে বিবেচনা করা গেল না।

প্রস্তাব নং-২৪ঃ ক্যাণ্টনমেন্ট সুপার মার্কেটের কামার পট্টিতে জায়গা বরাদ্দ করণ প্রসংগে।

বর্ণিত স্থানে ১৫'x১০' সাইজের দুইটি খালি জায়গা অস্থায়ী ভিত্তিতে বরাদ্দের জন্য নিম্নবর্ণিত ব্যক্তিগণের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এ ব্যাপারে গত ১৮-৪-৯২ ইং তারিখের অনুষ্ঠিত বোর্ড সভার ১৬ নং সিদ্ধান্ত উল্লেখ্য। আবেদন পত্রগুলিও উপস্থাপন করা হলো।

| আবেদনকারীর নাম ও ঠিকানা | আবেদনের তারিখ |
|---|---|
| ১। জনাব মোওয়ার হোসেন, পিতামৃত-মাজহারুল ইসলাম, গ্রাম-আজমপুর, উপজেলা-সন্দীপ, জেলা-চট্টগ্রাম। | ১০-৯-৯১ ইং |
| ২। জনাব মোঃ জাহাংগীর আলম পিতা-মোঃ আজিম উদ্দিন কর্মকার গ্রাম-ভোটপুর বাজার, উপজেলা-শ্রীবর্দি, জেলা-শেরপুর। | ০৯-২-৯২ ইং |

গৃহীত সিদ্ধান্তঃ- ক্যাণ্টঃ সুপার মার্কেটের কামার পট্টিতে খালি জায়গা অস্থায়ী বরাদ্দ বিবেচনা করা গেল না।

প্রস্তাব নং-২৫ঃ ক্যাণ্টনমেন্ট মার্কেটের গার্মেন্টস ব্যবসার জন্য জায়গা বরাদ্দ করণ প্রসংগে।

বর্ণিত মার্কেটের কাঁচা বাজার বিল্ডিং এর উপর তলায় গার্মেন্টস ব্যবসার অনুমতি ও বরাদ্দের বিষয় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে ১৬/১৪, আজমপুর রোড, মোহাম্মদপুরস্থ কাষ্ঠ গার্মেন্টস লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব সৈয়দ তৌফিক আহমদের ০৯-৩-৯২ ইং তারিখের আবেদন উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্তঃ- ক্যাণ্টনমেন্ট বোর্ডের ৩০-১-৯২ ইং তারিখের ২৩(খ) সিদ্ধান্তের আলোকে বিশেষ কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে পারস্পরিক চুক্তির মাধ্যমে জায়গা বরাদ্দ করিয়া গার্মেন্টস ফ্যাক্টরী স্থাপনের অনুমতি না দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হইল। ভবিষ্যতে এ ধরনের ফ্যাক্টরী স্থাপনের অনুমতি দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হইলে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করিয়া সর্বোচ্চ ডাককারীকে নির্ধারিত শর্তে বিধি মোতাবেক অনুমতি দেওয়া হইবে।

এম পুঃ দুঃ

পৃষ্ঠা নং-২৭। ৭/৭/৮৪।

(ক) মহাখালী ডি ও এইচ এস এলাকার ৩৭৪ নং প্লটের মালিক লেঃ কর্ণেল এম, মাহবুব আলী চৌধুরীর দাখিলকৃত বাড়ী নির্মানের নক্সা অনুমোদন করণ।

(খ) ক্যান্টঃ সুপার মার্কেট কমিটি অনুমোদন করণ।

(গ) ক্যান্টনমেন্ট এলাকায় একটি প্লে-স্কুল স্থাপনের বিষয় অনুমোদন করণ।

(ঘ) লেঃ কর্ণেল বজলুর রহমান, এ্যাসিষ্ট্যান্ট এ্যাডজুটেন্ট জেনারেল এর পিতার কবর পাকা করার নিমিত্ত পূর্বে ১,৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা জমা দেওয়ায় পূর্বের অনুমতিপ্রাপ্ত কবরস্থান পাকা করনের বিষয় বিবেচনা করণ।

(ঙ) মুসলিম মডার্ণ একাডেমীর প্রধান শিক্ষককে ১৯৯১ সালের জাতীয় বেতন স্কেলের আওতায় বেতন বৃদ্ধির নির্ধারনের বিষয় বিবেচনা করণ। উল্লেখ্য যে, তিনি চুক্তি ভিত্তিক চাকুরীতে নিয়োজিত।

(চ) অফিসের ডেসপাচ রাইডারের পুরাতন ভেস্পা বিক্রি করিয়া নূতন মটর সাইকেল এর বিষয় বিবেচনা করণ।

গৃহীত সিদ্ধান্ত :- (ক) মহাখালী ডিওএইচএস এলাকার ৩৭৪ নং প্লটের মালিক লেঃ কর্ণেল এম, মাহবুব আলী চৌধুরীর দাখিলকৃত নক্সা অনুমোদন করা হইল।

(খ) ক্যান্টনমেন্ট বোর্ডের ১৮-৪-৯২ ইং তারিখের সভার ১৭(খ) নং সিদ্ধান্ত মূলে গঠিত কমিটির সুপারিশের আলোকে নিম্নবর্ণিত শর্ত আরোপের মাধ্যমে ৪১ (একচল্লিশ) সদস্য বিশিষ্ট ক্যান্টনমেন্ট সুপার মার্কেট কমিটি অনুমোদন করা গেল :-

(১) উক্ত সদস্যগণ হইতে বোর্ডের নিয়ন্ত্রনাধীন একটি কার্যকরী কমিটি (একজিকিউটিভ কমিটি) ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক গঠন করা হইবে।

(২) যে কোন সদস্যকে বা সম্পূর্ণ কমিটিকে বাতিল করার ক্ষমতা বোর্ড কর্তৃক সংরক্ষিত। উক্ত কমিটি সম্পূর্ণরূপে এডহক।

(৩) কোন সদস্য বাজারের ক্রেতা/বিক্রেতা বা বাজার কমিটির বোর্ডের স্বার্থের পরিপন্থী কাজে লিপ্ত হইলে সদস্য পদ বাতিল করা হইবে।

(৪) ভবিষ্যতে কোন সদস্যের ৬ (ছয়) মাসের বেশী ভাড়া বকেয়া থাকিলে সদস্য পদ আপনা আপনি বাতিল হইয়া যাইবে।

(৫) ইতিপূর্বে কোন সদস্যের বকেয়া ভাড়া থাকিলে কমিটি প্রথম সভা আহবানের মাসের মধ্যে অবশ্যই পরিশোধ করিতে হইবে। অন্যথায় সদস্য পদ আপনা আপনি বাতিল হইয়া যাইবে।

(গ) ক্যান্টনমেন্ট এলাকায় একটি প্লে-স্কুল স্থাপনের বিষয় বিবেচনা করা গেল না।

(ঘ) কবর পাকা করনের বর্তমান হার ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদান সাপেক্ষে লেঃ কর্ণেল বজলুর রহমান, এ্যাসিষ্টেন্ট এ্যাডজুটেন্ট জেনারেল এর পিতার কবর পাকা করার অনুমতি প্রদান করা গেল।

(ঙ) ১৯৯১ ইং সালের ১লা জুলাই হইতে জাতীয় বেতন স্কেল বাস্তবায়নের প্রেক্ষিতে ২,৪০০.০০ টাকা হইতে ৪,১০০/- টাকায় বেতন উন্নীত করার ব্যাপারে মুসলিম মডার্ণ একাডেমীর প্রধান শিক্ষকের আবেদনপত্র অনুমোদন করা গেল। উক্ত বিষয়ে 'সাভুসে' অধিদপ্তরের চূড়ান্ত অনুমোদন লাভের নিমিত্ত পত্র প্রেরনের জন্য সি, ই, ও, ঢাকাকে অনুরোধ করা গেল।

(চ) অফিসের ডেসপাচ রাইডারের জন্য একখানা নূতন ভেসপা ক্রয় করিয়া পুরাতন ভেসপাখানা নিলাম বিক্রির সিদ্ধান্ত গৃহীত হইল।

উপস্থিত সদস্যদিগকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শেষ করেন।

( মোঃ আবদুল করিম )
সেক্রেটারী,
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

( কর্ণেল মনিরুজ্জামান খান, পিএসসি, )
প্রেসিডেন্ট,
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।